অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/23/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল শিক্ষার্থীদের FAFSA পূরণ করতে উৎসাহিত করার জন্য জনসচেতনতা ক্যাম্পেইন শুরু করলেন

SUNY, CUNY, এবং অন্যান্য নিউ ইয়র্ক কলেজ ও ইউনিভার্সিটির কলেজ শিক্ষার্থীরা নিজেদের আর্থিক সহায়তার গল্প বলে এবং FAFSA পূরণ করার সমর্থন প্রদান করে

গভর্নরের প্রশাসন এবং শিক্ষার নেতৃবৃন্দ PSA প্রকাশ করে যেখানে আর্থিক সহায়তার জন্য আবেদন করার গুরুত্বের উপর জোর দেওয়া হয়েছে, শিক্ষার্থীর ভিডিও এবং PSA এখানে উপলভ্য আছে

গভর্নর হোকলের অর্থবছর 2025 এর প্রণীত বাজেট FAFSA পূরণকে সার্বজনীন করে এবং টিউশন সহায়তা কর্মসূচিকে সম্প্রসারণ করে আর্থিক সহায়তা পাওয়ার সুযোগকে সম্প্রসারিত করে

গভর্নর ক্যাথি হোকল আজকে শিক্ষার্থীদের জন্য স্টেট ও ফেডারেল আর্থিক সহায়তা সুযোগ উন্মোচন করার জন্য ফেডারেল শিক্ষার্থী সহায়তার জন্য বিনামূল্যের আবেদন (Free Application for Federal Student Aid, FAFSA) পূরণ করতে শিক্ষার্থীদের উৎসাহিত করার জন্য কলেজের শিক্ষার্থী, প্রশাসনের কর্মকর্তা, এবং শিক্ষার নেতৃবৃন্দকে নিয়ে একটি জনসচেতনতা ক্যাম্পেইন শুরু করলেন। এই সপ্তাহে, নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University New York, SUNY), নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (City University of New York, CUNY) এবং সেই সাথে অন্যান্য নিউ ইয়র্ক কলেজ ও ইউনিভার্সিটির কলেজ শিক্ষার্থীরা শিক্ষার্থীদেরকে FAFSA পূরণ করতে সাহায্য করার জন্য জনসচেতনতা ক্যাম্পেইনে সহায়তা করবে। পাশাপাশি, গভর্নর হোকলের ক্যাবিনেটের নেতৃবৃন্দ ভিডিও জনস্বার্থে ঘোষণার (Public Service Announcement, PSA) মাধ্যমে অংশগ্রহণ করবেন যা সোশ্যাল মিডিয়াতে পোস্ট করা হবে এবং শিক্ষার্থীদেরকে দেখানোর জন্য স্কুলসমূহকে প্রদত্ত সংস্থান হিসেবে ব্যবহার করা হবে। শিক্ষার্থীর ভিডিও এবং PSA এখানে উপলভ্য আছে। এই প্রয়াস হলো আর্থিক সহায়তা সচেতনতা মাসের (Financial Aid Awareness Month) একটি অংশ, শিক্ষার্থীরা যাতে উচ্চতর শিক্ষা অর্জন রকার জন্য প্রয়োজনীয় সংস্থান লাভ করতে পারে তা নিশ্চিত করার জন্য এপ্রিল মাসের শুরুতে গভর্নর হোকল এর সূচনা করেন।

"উচ্চতর শিক্ষা মানুষের জীবন পরিবর্তন করতে পারে, এবং আমরা সকল নিউ ইয়র্ক শিক্ষার্থীর জন্য কলেজে যাওয়ার পথ প্রশস্ত করছি," **গভর্নর হোকল বলেন।** "এই সপ্তাহে আমরা একটি

কলেজ ডিগ্রি অর্জনে ইচ্ছুক সকল শিক্ষার্থীকে যত দ্রুত সম্ভব FAFSA পূরণ করতে উৎসাহিত করছি যাতে করে তারা তাদের জন্য উপলভ্য সমর্থন পাওয়ার সুযোগ পেতে পারে।"

"শিক্ষা আমাদের সমাজের মহান সমতা সৃষ্টিকারী হিসেবে কাজ করে," **বলেন লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "উচ্চতর শিক্ষা এবং একটি উজ্জ্বল ভবিষ্যতের সাশ্রয়ী অ্যাক্সেস পাওয়া নিশ্চিত করতে এখনই নিজেদের FAFSA পূরণ করার জন্য সকল সম্ভাব্য কলেজ শিক্ষার্থীকে তাগিদ প্রদান করতে গভর্নর হোকলের সাথে যোগদান করতে পেরে আমি গর্বিত।"

গত বছর, নিউ ইয়র্কের হাই স্কুলের শিক্ষার্থীরা FAFSA পূরণ না করে দাবিদারহীন ফেডারেল সহায়তার 200 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি রেখে গেছে। ফেডারেল কাঠিন্য এবং নতুন FAFSA ফর্ম প্রকাশ করতে বিলম্বের কারণে নিউ ইয়র্ক স্টেটে জাতীয় ধারার অনুরূপে FAFSA জমাদানের হার গত বছরের একই সময়ের তুলনায় 24 শতাংশ হ্রাস পেয়েছে। FAFSA বিনামূল্যের এবং এটি ফেডারেল ও স্টেট সহায়তার দুয়ার উন্মোচন করে দেয়, যার মধ্যে টিউশন সহায়তা কর্মসূচি (Tuition Assistance Program, TAP) এবং এক্সেলসিয়র বৃত্তি (Excelsior Scholarship) এবং সেই সাথে অন্যান্য কলেজ অর্থায়ন রয়েছে।

2023 সালে সম্ভাব্য শিক্ষার্থীদেরকে FAFSA পূরণ করতে সাহায্য করার জন্য SUNY FAFSA পূরণ কোর (SUNY FAFSA Completion Corps) শুরু করে। এই উদ্যোগ শুরু করার জন্য SUNY আমেরিকোর (AmeriCorps) থেকে প্রায় 300,000 মার্কিন ডলার অনুদান লাভ করে, এবং বর্তমানে সাতটি SUNY ক্যাম্পাসজুড়ে প্রায় 50 জন SUNY শিক্ষার্থী এর সাথে জড়িত আছে। এর আগে এই মাসে, CUNY শিক্ষার্থী ও তাদের পরিবারকে আর্থিক সহায়তা পাওয়ার সুযোগ পেতে সাহায্য করার জন্য CUNY আর্থিক সহায়তা সমর্থন দল (Financial Aid Support Team, FAST) শুরু করে। সমর্থন প্রদান করার জন্য এবং শিক্ষার্থীরা যাতে তাদের জন্য উপলভ্য আর্থিক সহায়তা সম্পর্কে জানতে পারে তা নিশ্চিত করার জন্য SUNY FAFSA পূরণ কোর এবং CUNY FAST এ অংশগ্রহণকারী শিক্ষার্থীরা নিজেদের ক্যাম্পাসে এবং সোশ্যাল মিডিয়াতে FAFSA পূরণ প্রয়াসের নেতৃত্ব দিচ্ছে। বর্তমান কলেজ শিক্ষার্থীদের কাছ থেকে তাদের FAFSA অভিজ্ঞতা সম্পর্কে জানার জন্য শিক্ষার্থীরা #FAFSAReady ফলো করতে পারে।

শিক্ষার্থীদের পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেট হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশন (New York State Higher Education Services Corporation, HESC), নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি, নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি এবং নিউ ইয়র্কের একাডেমিক ও কমিউনিটি সংগঠনগুলি গভর্নরের ক্যাম্পেইনে তার সাথে যোগদান করছে যাতে নিশ্চিত করা যায় যে নিউ ইয়র্কবাসীরা কলেজের তহবিল অ্যাক্সেস করার সকল সুযোগ গ্রহণ করছে।

প্রতিটি প্রতিষ্ঠান এই মাসে শিক্ষার্থী এবং তাদের পরিবারকে FAFSA বা ড্রিম অ্যাক্ট এবং টিউশন সহায়তা প্রোগ্রাম (Tuition Assistance Program, TAP) অ্যাপ্লিকেশনগুলো সম্পূর্ণ করতে সহায়তা করার জন্য একাধিক ইভেন্টের আয়োজন করে চলেছে। ইভেন্টগুলোর মধ্যে আর্থিক সহায়তার আবেদনগুলো কিভাবে পূরণ করা যায় সে সম্পর্কে তথ্য সেশন, HESC, SUNY এবং CUNY বিশেষজ্ঞদের সাথে সংযোগ স্থাপনের সুযোগগুলোতে ভার্চুয়াল ড্রপ এবং শিক্ষার্থীদের

জন্য বৃত্তির সুযোগ সম্পর্কে আলোচনা অন্তর্ভুক্ত রয়েছে। ইভেন্টের একটি সম্পূর্ণ সময়সূচি এখানে পাওয়া যাবে।

অর্থবছর 2025 এর প্রণীত বাজেটে, গভর্নর হোকল আর্থিক সহায়তা পাওয়ার সুযোগ সম্প্রসারিত করতে সাহায্য করার প্রবিধান নিশ্চিত করেছেন। উদ্যোগসমূহের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেটে FAFSA পূরণকে সার্বজনীন করা এবং TAP সম্প্রসারণ করা। TAP সম্প্রসারণ সর্বনিম্ন প্রদত্ত অর্থকে 500 মার্কিন ডলার থেকে 1,000 মার্কিন ডলারে বৃদ্ধি করে। পাশাপাশি, বাজেট TAP যোগ্যতার জন্য নির্ভরশীল শিক্ষার্থীর নেট করযোগ্য আয়কে (net taxable income, NTI) 80,000 মার্কিন ডলার থেকে 125,000 মার্কিন ডলার করে, স্বাধীন বিবাহিত শিক্ষার্থীর জন্য NTI সীমাকে 40,000 মার্কিন ডলার থেকে 60,000 মার্কিন ডলার করে, এবং স্বাধীন সিঙ্গেল শিক্ষার্থীর NTI সীমাকে 10,000 মার্কিন ডলার থেকে 30,000 মার্কিন ডলার করে।

স্টেটের শিক্ষা বিভাগের (State Department of Education) কমিশনার বেটি এ. রোজা বলেন, "FAFSA হলো একজন শিক্ষার্থীর ভবিষ্যতে একটি বিনিয়োগ যা সুযোগের দুয়ার উন্মোচন করবে। FAFSA পূরণ করার মাধ্যমে শিক্ষার্থীরা আর্থিক সহায়তার অ্যাক্সেস উন্মোচন করে যা উচ্চতর শিক্ষাকে আরো সাশ্রয়ী ও লভ্য করে। আজকেই আপনার FAFSA পূরণ ও জমাদান করার মাধ্যমে আপনার সাফল্যের পথ তৈরির এই সুযোগটি গ্রহণ করার জন্য আমি নিউ ইয়র্কের সকল শিক্ষার্থী ও পরিবারকে উৎসাহিত করছি।"

SUNY চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন, "প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য SUNY তে স্থান রয়েছে, এবং শিক্ষার্থীদের কলেজ স্বপ্ন পূরণ করার ব্যাপারে সাহায্য করার জন্য আর্থিক সহায়তার সুযোগ পাওয়া অতি গুরুত্বপূর্ণ। প্রত্যেক হাই স্কুল সিনিয়র এবং সেই সাথে প্রত্যেক সম্ভাব্য এবং ফেরত আসা কলেজ শিক্ষার্থীরা যাতে উপলভ্য ফেডারেল ও নিউ ইয়র্ক স্টেট টিউশন সহায়তা সম্পর্কে এবং FAFSA পূরণ করা যেই সেই তহবিলের অ্যাক্সেস পাওয়ার জন্য মুখ্য তা জানতে পারে তা নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক স্টেটজুড়ে, SUNY এবং উচ্চতর শিক্ষায় আমাদের অংশীদারগণ গর্বসহকারে গভর্নর হোকলের সাথে যোগ দিচ্ছে। SUNY ক্যাম্পাসসমূহ এবং আমাদের SUNY FAFSA পূরণ কোর পুরো বসন্তকালে সশরীরে এবং ভার্চুয়াল সহায়তা প্রদান করছে এবং আমরা কাজ চালিয়ে যাবো।"

CUNY চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটোস রড্রিগেজ বলেন, "প্রতি বছর, নিউ ইয়র্কবাসীরা কলেজের জন্য অর্থ ফেলে রাখে কারণ তারা আর্থিক সহায়তার ফর্ম পূরণ করেনি। আমরা জানি যে এই বছর ফেডারেল ফর্ম পূরণ করা আগের থেকেও কঠিন কারণ সেখানে ভুল এবং বিলম্ব হচ্ছে। সকল পরিবারকে অটল থাকতে এবং FAFSA পূরণ করার জন্য CUNY তাদের উৎসাহিত করছে। যেকোনো সমস্যার সমাধানের ক্ষেত্রে তাদেরকে সাহায্য করার জন্য CUNY প্রস্তুত। উচ্চতর শিক্ষায় গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য, এবং সম্ভাব্য ও ফেরত আসা সকল শিক্ষার্থীকে ফর্ম পূরণ করার ব্যাপারে জানিয়ে দেওয়ার জন্য আমাদের শিক্ষার্থী অ্যাম্বাসেডরদেরকে আমরা ধন্যবাদ জানাচ্ছি। কলেজ এবং অধ্যবসায়ের মূল্য সম্পর্কে বলার জন্য আমাদের শিক্ষার্থীদের থেকে উত্তম বার্তাবাহক আমাদের কাছে নেই।"

নিউ ইয়র্ক স্টেট হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশনের প্রেসিডেন্ট ডাঃ গিলিয়ের্মো লিনারেস বলেন, "সম্প্রসারিত যোগ্যতা এবং বর্ধিত অর্থসহ টিউশন সহায়তা কর্মসূচির

উল্লেখযোগ্য উন্নতি নিউ ইয়র্কের শিক্ষার্থীদের সমর্থন করার ব্যাপারে আমাদের পন্থায় একটি যুগান্তকারী পরিবর্তনের প্রতিনিধিত্ব করে। FAFSA এবং TAP আবেদন পূরণ করাকে মনযোগের কেন্দ্রবিন্দু করে আমরা শুধু শিক্ষার্থীদের জন্য অতি গুরুত্বপূর্ণ তহবিল উন্মোচন করছি না, বরং এছাড়াও আরো অন্তর্ভুক্তিকর ও সমৃদ্ধ ভবিষ্যতের পথ তৈরি করছি। এইসব ব্যবস্থার গুরুত্ব অনুধাবন করার জন্য গভর্নর হোকলের নেতৃত্ব এবং আইনসভার সমর্থনের জন্য আমি গভীরভাবে কৃতজ্ঞ। আমাদের সামগ্রিক প্রয়াস নিশ্চিত করবে যাতে আরো অনেক বেশি শিক্ষার্থীর কাছে নিজেদের একাডেমিক লক্ষ্য অর্জনের চেষ্টা ও অর্জন করার জন্য প্রয়োজনীয় সংস্থান থাকবে।"

স্টেটের সিনেটর টবি অ্যান স্টাভিস্কি বলেন, "হাজার হাজার হাই স্কুল শিক্ষার্থী FAFSA ব্যবহার করছে না কারণ তারা জানে না যে তারা শিক্ষার্থী সহায়তার পাওয়ার যোগ্য। শিক্ষার্থীদের জানানোর জন্য এই ক্যাম্পেইনটি একটি গুরুত্বপূর্ণ ধাপ, যাতে করে আরো বেশি সম্ভাব্য কলেজ শিক্ষার্থী FAFSA ফর্ম পূরণ করে এবং নিজেদের শিক্ষার যাত্রা অব্যাহত রাখতে ও নিজেদের ক্যারিয়ারের গতিপথ উন্নত করতে পারে।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিশিয়া ফাহি বলেন, "গত বছর নিউ ইয়র্কের শিক্ষার্থীরা 200 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ফেডারেল শিক্ষার্থী সহায়তা ব্যবহার করে নি, এগুলি সত্যিকারের তহবিল যা উচ্চতর শিক্ষা লাভের স্বপ্নকে কয়েক হাজার শিক্ষার্থীর হাতে পৌঁছে দিতে পারতো। এই বছর FAFSA পূরণ করার জন্য এবং প্রদত্ত সহায়তার সদ্ব্যবহার করার জন্য সকল নিউ ইয়র্ক শিক্ষার্থীকে আমি উৎসাহিত করতে চাই, আবেদন করলেই তুমি এই সহায়তার সদ্ব্যবহার করতে পারবে। সামনের দিনে কোনো নিউ ইয়র্ক শিক্ষার্থী যাতে এইসব আর্থিক সুযোগ থেকে বাদ না পড়ে তা নিশ্চিত করার জন্য এই বছরের বাজেটে আমাদের গৃহীত পদক্ষেপ নিয়ে আমি আনন্দিত। যখন 70 শতাংশ শিক্ষার্থী বলেছে যে উচ্চতর শিক্ষা পাওয়ার ক্ষেত্রে কলেজে যাওয়ার ক্রয়ক্ষমতা একটি মুখ্য প্রতিবন্ধকতা হিসেবে কাজ করে, তখন কলেজে যাওয়ার ক্রয়ক্ষমতা নিয়ে কাজ করা এখন অন্য যেকোনো সময়ের থেকে বেশি গুরুত্বপূর্ণ, এবং এটিকে শীর্ষ অগ্রাধিকার করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি।"

SUNY ওল্ড ওয়েস্টবেরির (SUNY Old Westbury) শিক্ষার্থী এবং SUNY FAFSA পূরণ কোরের সদস্য নাহিয়ান ইসলাম বলেন, "আমি প্রথম প্রজন্মের একটি অভিবাসী পরিবার থেকে এসেছি, তাই FAFSA পূরণ করা আমার জন্য অত্যাবশ্যকীয় ছিলো কিন্তু এটি ছিলো আমার পরিবারের জন্য কঠিন। সম্পূর্ণ অর্থ নিজ থেকে পরিশোধ করতে হবে এই চিন্তার কারণে আমার বড় বোন প্রথমে ডিগ্রি অর্জনের চেষ্টা করেনি কারণ কী সহায়তা উপলভ্য ছিলো তা সে জানতো না। আর্থিক সহায়তা অ্যাক্সেস করতে পারা আমার পরিবারের জন্য গুরুত্বপূর্ণ কাজ করেছে, সেজন্য SUNY FAFSA পূরণ কোরের একজন সদস্য হিসেবে শিক্ষার্থীদেরকে তাদের ডিগ্রি অর্জনের চেষ্টা এবং অর্জনে প্রয়োজনীয় সমর্থন পেতে সাহায্য করার ব্যাপারে আমি নিবেদিত।"

জেমসটাউন কমিউনিটি কলেজের (Jamestown Community College) শিক্ষার্থী এবং SUNY FAFSA পূরণ কোরের সদস্য ম্যারিসা স্নাইডার বলেন, "ওয়েস্টার্ন নিউ ইয়র্কে বাড়ির কাছেই একটি উচ্চমানের শিক্ষা অর্জন করতে সক্ষম হওয়ার জন্য আর্থিক সহায়তার অ্যাক্সেস পাওয়া অত্যাবশ্যকীয়। আমি সৌভাগ্যবান যে আমার বড় বোন আমার আগে FAFSA পূরণের

প্রক্রিয়া পার করেছে, তাই স্কুলের জন্য সমর্থন পেতে আমার কী করতে হবে সেটি আমি ভালোভাবে জানতাম। সেজন্যই আমি SUNY FAFSA পূরণ কোরে যোগদান করেছি, যাতে আবেদন পূরণ করতে এবং নিজেদের পছন্দের বিষয়কে সারাজীবনের ক্যারিয়ারে পরিণত করতে সাহায্য করবে এমন ডিগ্রি কর্মসূচির অ্যাক্সেস পেতে সম্ভাব্য শিক্ষার্থীদেরকে সাহায্য করতে পারি।"

নিউ ইয়র্ক স্টেট আর্থিক সহায়তা আবেদন প্রক্রিয়ার সাথে ব্যক্তিগত সহায়তা প্রদানের জন্য কলেজ শিক্ষার্থীদের প্রশিক্ষণ দিয়ে FAFSA সমাপ্তির পরিসংখ্যান উন্নত করার জন্য কাজ করছে।

কলেজকে আরো সাশ্রয়ী করতে আর্থিক সহায়তার জন্য আবেদন করার ক্ষেত্রে শিক্ষার্থী ও তাদের পরিবারকে সহায়তা করার জন্য SUNY এবং CUNY একাধিক পদক্ষেপ গ্রহণ করেছে, যেমন:

- স্টেট পরিচালিত ক্যাম্পাসে 15 মে এর পূর্বে না রেখে এবং CUNY ক্যাম্পাসে 1 জুন কমিটমেন্ট ডে রাখার মাধ্যমে ডিপোজিট ডেডলাইন বিলম্বিত করা, আজকে করে পরিবারগুলি তাদের আর্থিক সহায়তার বিকল্পসমূহ সম্পর্কে একটি অবগত সিদ্ধান্ত গ্রহণ করার সময় পায়।
- রচেস্টার, বাফেলো, ইয়োনকার্স এবং নিউ ইয়র্ক সিটিতে FAFSA সমাপ্তি ইভেন্ট সহ রাজ্য জুড়ে FAFSA তথ্য অধিবেশন
- পরিবারগুলোকে FAFSA সম্পূর্ণ করতে সহায়তা করার জন্য ইংরেজি এবং স্প্যানিশ ভাষায় অনুষ্ঠিত ভার্চুয়াল FAFSA সমাপ্তি কর্মশালা
- আর্থিক সহায়তা প্রক্রিয়ার মধ্যে দিয়ে তাদের নির্দেশনা প্রদান করতে সাহায্য করার জন্য কাউন্সেলর এবং শিক্ষার্থীদের জন্য প্রিন্ট করতে প্রস্তুত সংস্থানসহ অনলাইন সংস্থান তৈরি ও প্রচারের জন্য স্টেটের অংশীদারদের সাথে কাজ করা।
- SUNY FAFSA পূরণ কোর শুরু করা, এটি আমেরিকোরের অর্থায়িত একটি কর্মসূচি যা শিক্ষার্থীদেরকে FAFSA পূরণ করতে সাহায্য করার জন্য নিয়ার-পিয়ার মেন্টর হিসেবে কাজ করে প্রায় 50 জন SUNY শিক্ষার্থীকে সমর্থন করে।
- 100,000 শিক্ষার্থীকে FAFSA পূরণে সাহায্য করার জন্য এর আগে এই মাসে CUNY আর্থিক সহায়তা সমর্থন দল শুরু করা হয়েছে। পেট্রি ফাউন্ডেশন (Petrie Foundatio) এই উদ্যোগের জন্য CUNY-কে 1 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দিয়েছে।
- CUNY এর K16 ।ইনিশিয়েটিভস কলেজ ও ক্যারিয়ার অ্যাডভাইজরি কর্মসূচিসমূহের (K16 Initiatives College and Career Advisory Programs) মাধ্যমে হাই স্কুলের শিক্ষার্থীদেরকে FAFSA ফর্ম পূরণ করতে সাহায্য করা।
- CUNY বর্তমান CUNY শিক্ষার্থী এবং শরৎ 24 আবেদনকারীদের ফর্মের পরিবর্তন সম্পর্কে ইমেল পাঠিয়েছে এবং একটি সামাজিক মিডিয়া প্রচার শুরু করেছে। বিশ্ববিদ্যালয়টি ভর্তির সাথে FAFSA সমাপ্তি কর্মশালাও আয়োজন করবে। কর্মশালার তারিখসমূহ অনলাইনে দেখুন।
- CUNY ক্যাম্পাসগুলো সকল বসন্তে আর্থিক সহায়তা কর্মশালা এবং সমাপ্তির ইভেন্টগুলো বাড়িয়েছে এবং আর্থিক সহায়তা অফিসগুলোকে সমর্থন করার জন্য

শিক্ষার্থীদের নিয়োগের জন্য ন্যাশনাল পার্টনারশিপ ফর স্টুডেন্ট সাকসেসের (National Partnership for Student Success) অংশীদারিত্বে ফেডারেল ওয়ার্ক স্টাডি তহবিলগুলো লাভ করেছে। বিশ্ববিদ্যালয়টি ভর্তির সাথে FAFSA সমাপ্তি কর্মশালাও আয়োজন করবে। কর্মশালার তারিখসমূহ এখানে পোস্ট করা হবে।

স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক সম্পর্কে
স্টেট ইউনিভার্সিটি অভ নিউ ইয়র্ক, যা এই বছর এর 75 তম বর্ষপূর্তি পালন করবে, যা মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ সমন্বিত উচ্চ শিক্ষা ব্যবস্থা এবং 95 শতাংশের বেশি নিউ ইয়র্কবাসীরা SUNY এর 64টি কলেজ ও ইউনিভার্সিটির কোনো না কোনোটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো ব্যবস্থাজুড়ে SUNY এর চারটি অ্যাকাডেমিক হেলথ সেন্টার, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি ল স্কুল, স্টেটের একমাত্র অপটোমেট্রি কলেজ রয়েছে এবং এটি একটি মার্কিন এনার্জি জাতীয় গবেষণাগার বিভাগের (US Department of Energy National Laborator) ব্যবস্থাপনা করে। SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স, কর্মসূচি, শিক্ষা চালু রাখা, এবং সম্প্রদায়ের আউটরিচ কর্মসূচির সম্পূর্ণ পোর্টফোলিওতে মোট প্রায় 1.4 মিলিয়ন শিক্ষার্থীকে সেবাদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। 2023 অর্থবছরে পুরো সিস্টেমের গবেষণার ব্যয় ছিলো প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, এর মধ্যে শিক্ষার্থী ও অনুষদের উল্লেখযোগ্য অবদান রয়েছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কীভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে, suny.edu-এ যান।

নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি সম্পর্কে
নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি হলো দেশের বৃহত্তম শহুরে সরকারি ইউনিভার্সিটি, এটি সামাজিক গতিশীলতার একটি রূপান্তরকারী ইঞ্জিন যা নিউ ইয়র্ক সিটির প্রাণশক্তির একটি গুরুত্বপূর্ণ উপাদান। 1847 সালে দেশের প্রথম বিনামূল্যের সরকারি উচ্চ শিক্ষার প্রতিষ্ঠান হিসেবে স্থাপিত হওয়া CUNY তে বর্তমানে নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোতে সাতটি কমিউনিটি কলেজ, 11টি সিনিয়র কলেজ এবং সাতটি গ্র্যাজুয়েট বা পেশাদারি ইনস্টিটিউট রয়েছে, যেখানে 225,000 এর বেশি আন্ডারগ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট শিক্ষার্থী রয়েছে এবং প্রতি বছর এখান থেকে 50,000 ডিগ্রি প্রদান করা হয়। CUNY এর মান ও ক্রয়সাধ্যতার সমন্বয় সবগুলি আইভি লীগ কলেজের সম্মিলিত সংখ্যার তুলনায় প্রায় ছয়গুণ বেশি নিম্ন আয়ের শিক্ষার্থীদেরকে মধ্যবিত্ত শ্রেণীতে উন্নীত করে। ইউনিভার্সিটির 80 শতাংশের বেশি গ্র্যাজুয়েট নিউ ইয়র্কে বাস করে, তারা সিটির অর্থনৈতিক, নাগরিক এবং সাংস্কৃতিক জীবনের সকল খাতে অবদান রাখে এবং প্রতিটি ক্ষেত্রে সিটির কর্মীবাহিনীতে বৈচিত্র্য নিয়ে আসে। CUNY এর গ্র্যাজুয়েট এবং অনুষদ বহু সম্মানজনক পদক পেয়েছে, যার মধ্যে রয়েছে 13টি নোবেল পুরষ্কার এবং 26টি ম্যাকআর্থার "জিনিয়াস" অনুদান। বিশ্ববিদ্যালয়ের ঐতিহাসিক মিশন এখনো একই: সামর্থ্য বা পারিপার্শ্বিক অবস্থা নির্বিশেষে সকল শিক্ষার্থীর জন্য প্রথম শ্রেণীর সরকারি শিক্ষা প্রদান করা। CUNY সম্পর্কে আরো জানতে, www.cuny.edu ভিজিট করুন।

নিউ ইয়র্ক স্টেট উচ্চতর শিক্ষা সেবা কর্পোরেশন সম্পর্কে

HESC হলো নিউ ইয়র্ক স্টেটের শিক্ষার্থীদের আর্থিক সহায়তা এজেন্সি এবং কলেজগামী শিক্ষার্থীদের জন্য প্রয়োজনভিত্তিক অনুদান এবং বৃত্তির অর্থ প্রদানের ক্ষেত্রে তারা দেশের শীর্ষে আছে। HESC এর কেন্দ্রে রয়েছে দুই ডজনের বেশি অনুদান, বৃত্তি এবং ঋণ মওকুফ কর্মসূচি, যার মধ্যে নিউ ইয়র্ক স্টেট টিউশন সহায়তা কর্মসূচি এবং এক্সেলসিয়র বৃত্তি রয়েছে। এমন কর্মসূচিসমূহের মাধ্যমে এবং শিক্ষার্থী, পরিবার ও কাউন্সেলরদের প্রদত্ত পথনির্দেশনের মাধ্যমে প্রতি বছর HESC কলেজকে লাখ লাখ নিউ ইয়র্কবাসীর নাগালের মধ্যে নিয়ে আসে। 800 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান, বৃত্তি এবং ঋণ মওকুফ সুবিধা প্রদান করার মাধ্যমে প্রতি বছর HESC 300,000 এর বেশি শিক্ষার্থীকে তাদের কলেজ স্বপ্ন পূরণ করতে সাহায্য করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন